DhakaProbe

সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Aug 2026, 10:56 PM

রাজনীতি

# আওয়ামী লীগের প্রতি নমনীয় হওয়ার সুযোগ নেই: প্রতিমন্ত্রী পুতুল

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ০৮ আগস্ট ২০২৬, ০৯:৩২ AM




মহিলা ও শিশুবিষয়ক এবং সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ব্যারিস্টার ফারজানা শারমিন পুতুল বলেছেন, আওয়ামী লীগ বিএনপির ওপর দীর্ঘদিন যে নির্যাতন-নিপীড়ন চালিয়েছে এবং দলটিকে ক্ষমতা থেকে সরাতে বিএনপিকে যে ত্যাগ স্বীকার করতে হয়েছে, সেই প্রেক্ষাপটে আওয়ামী লীগের প্রতি নমনীয় হওয়ার কোনো সুযোগ নেই।

শুক্রবার (৭ আগস্ট) দুপুরে কুষ্টিয়ার মিরপুর মহিলা ডিগ্রি কলেজ মাঠে উপজেলা বিএনপির আয়োজিত মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, □গত পরশু পতিত ফ্যাসিস্ট সরকারের নেতারা ভারতে বসে সংবাদ সম্মেলনের চেষ্টা করেছেন। এর প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় যে ধরনের প্রতিবাদ জানিয়েছে, অতীতে কোনো সরকার সে ধরনের দৃঢ় অবস্থান নেয়নি।□

তিনি আরও বলেন, □আওয়ামী লীগ বিএনপির নেতাকর্মীদের ওপর যে মাত্রার নির্যাতন ও অত্যাচার চালিয়েছে এবং তাদের ক্ষমতা থেকে সরাতে বিএনপিকে যে পরিমাণ ত্যাগ স্বীকার করতে হয়েছে, সেই বাস্তবতায় আওয়ামী লীগের প্রতি নমনীয় হওয়ার কোনো সুযোগ নেই।□

মতবিনিময় সভায় বক্তব্য দেন কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য রেজা আহমেদ বাচ্চু মোল্লা, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফরিদা ইয়াসমিন, জেলা পরিষদের প্রশাসক ও বিএনপি নেতা সোহরাব উদ্দিন এবং বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী। এছাড়া স্থানীয় বিএনপির নেতাকর্মীরাও উপস্থিত ছিলেন।

এর আগে প্রতিমন্ত্রী মিরপুর উপজেলার সদরপুর স্কলারশিপ ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশ নেন এবং শিক্ষার্থীদের হাতে বৃত্তি, ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন।

---

## এ বিভাগের আরও খবর




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**

চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




**বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি**

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



**বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা**

দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...




**গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর ছিলেন খালেদা জিয়া: মির্জা ফখরুল**

বিএনপির সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর খালেদা জিয়া। তিনি বাংলাদেশের ভাগ্যের সঙ্গে জড়িয়...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/aoyami-liger-prti-nmniy-hoyar-sujog-nei-prtimntri-putul